মক্কা বিজয়ের বছর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম শিরস্ত্রাণ পরিহিত অবস্থায় (মক্কায়) প্রবেশ করেছিলেন। আল্লাহর রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম শিরস্ত্রাণটি মাথা থেকে খোলার পর এক ব্যক্তি এসে তাঁকে বললেন, ইবন খাতাল কা‘বার গিলাফ ধরে আছে। তিনি বললেন, তাকে তোমরা হত্যা কর।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, মক্কা বিজয়ের বছর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম শিরস্ত্রাণ পরিহিত অবস্থায় (মক্কায়) প্রবেশ
করেছিলেন। আল্লাহর রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম শিরস্ত্রাণটি মাথা থেকে খোলার পর এক ব্যক্তি এসে তাঁকে বললেন, ইবন খাতাল কা‘বার গিলাফ ধরে আছে। তিনি বললেন, তাকে তোমরা হত্যা কর।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং কুরাইশ কাফিরদের মধ্যে চুক্তি ছিল। তিনি কতক মুশরিকদের রক্তকে মূল্যহীন ঘোষণা করেন এবং তাদের হত্যার নির্দেশ দেন। আর তাদের সংখ্যা হলো নয়জন। যখন মক্কা বিজয় হলো রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সতর্ক ও পরিবেষ্টিত অবস্থায় মক্কায় প্রবেশ করেছিলেন। আর সে তার মাথায় রেখেছিল শিরস্ত্রাণ। আর কতক সাহাবী ইবন খাতালকে দেখতে পেল সে হত্যা থেকে বাঁচার জন্য কা‘বার গিলাফ ধরে আছে। কারণ, সে তার পূর্বের অপকর্ম ও মন্দ আমল সম্পর্কে জানত। তাই সাহাবীগণ রাসূলকে জিজ্ঞাসা করা ছাড়া তাকে হত্যা করার ব্যাপারে সংকোচবোধ করছিল। তারপর যখন তারা রাসূলকে জিজ্ঞাসা করল, তিনি বললেন, তাকে তোমরা হত্যা কর। তখন তাকে হিজর ও মাকামের মাঝখানে হত্যা করা হলো।

http://sunnah.global/hadeeth/bn/show/4440